মুজিবনগর সীমান্তে ১৭ বাংলাদেশীকে ফেরৎ

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে বিজিবি ও বিএসএফের মধ্য পতাকা বৈঠকের মাধ্যমে চার শিশু, পাঁচ নারীসহ ১৭ বাংলাদেশীকে ফেরৎ পাঠিয়েছে বিএসএফ।

আজ শুক্রবার সকাল সাড়ে ১১টা থেকে ১২ টা পর্যন্ত ৬ বিজিবি এবং ১৬১ বি এস এফ এর কোম্পানি কমান্ডার পর্যায় পতাকা বৈঠকের মাধ্যমে এসব বাংলাদেশীকে ফেরৎ দেন তারা।

আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৫ এর নিকট নোম্যান্সল্যান্ডের কাছে এই বৈঠক অনুষ্ঠিত হয় । ফেরৎ আসা সবাই খুলনার ডুমুরিয়া উপজেলার বাসিন্দা।

শুক্রবার বিকাল তিনটার সময় ৬ বিজিবির চুয়াডাঙ্গা সেক্টর কমান্ডার থেকে প্রেস বিজ্ঞপ্তি দিয়ে এ তথ্য নিশ্চিত করেছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিভিন্ন সময় বাংলাদেশ থেকে ভারতে অবৈধ ভাবে অনুপ্রবেশ করে ভারতের বিভিন্ন রাজ্যে এসব বাংলাদেশী দীর্ঘদিন যাবৎ বসবাস করছিলেন। এসব বাংলাদেশীকে যথাযথ আইনী প্রক্রিয়া শেষে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

মাইলস্টোন ট্রাজেডি: মুজিবনগরে মাহিয়ার কবরে বিমানবাহিনীর শ্রদ্ধা

বিমান বাহিনী প্রধানের পক্ষ থেকে মাইলস্টোন স্কুল এন্ড কলেজের দুর্ঘটনায় নিহত শিক্ষার্থী মাহিয়া তাসনিম মায়া’র কবরে শ্রদ্ধাজ্ঞাপন, ও তাঁর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের জামে মসজিদে দোয়া শেষে মাহিয়ার কবরে পুস্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

বিমানবাহিনীর স্কোয়াডন লিডার ইকতিদার অভিবাদন গ্রহণ করেন। এসময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান, নিহত মাহিয়া তাসনিমের নানা নজরুল ইসলামসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এর আগে শুক্রবার বেলা ১২টার দিকে বিমান বাহিনীর উইং কমান্ডার রেহানা ও স্কোয়াডন লিডার ইকতিডারের নেতৃত্বে ১৯ সদস্যের একটি টিম নিহত মাহিয়া তাসনিম মায়ার পরিবারের সাথে স্বাক্ষাত করে সমবেদনা জ্ঞাপন করেন।

তারা নিহত মাহিয়া তাসনিমের মা আফরোজা আক্তার বিউটির ও নানা নজরুল ইসলামের সাথে কথা বলেন।

পরে তার কবর জিয়ারত শেষে স্থানীয় মসজিদে আয়োজিত মিলাদ মাহফিলে অংশ নেন।

উল্লেখ্য, মাহিয়া মাইলস্টোন স্কুলের অষ্টম শ্রেনীর ছাত্রী ও চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের প্রয়াত প্রকৌশলী মোহাম্মদ আলীর মেয়ে।

২৪ জুলাই বিকেলে রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় মাহিয়া।
পরে তার নানাবাড়ি মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে কবরস্থানে দাফন করা হয় মাহিয়াকে।

মুজিবনগর কৃষি প্রনোদনার আওতায় পেঁয়াজ সংরক্ষণ মেশিন

বিতরণ

মুজিবনগরে কৃষি প্রণোদনার আওতায় পেঁয়াজ সংরক্ষণ মেশিন বিতরণ করা হয়েছে।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকালে কৃষি অফিস প্রাঙ্গণে এ বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আয়োজিত অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পেঁয়াজ সংরক্ষণ মেশিন বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপজেলা কৃষি অফিসার (ভারপ্রাপ্ত) রফিকুল ইসলাম, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা কৃষি অফিসের উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দসহ প্রণোদনা প্রাপ্ত পেঁয়াজ চাষিগণ উপস্থিত ছিলেন।

২০২৪-২০২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় ৩০ জন পেঁয়াজ চাষিকে একটি করে পেঁয়াজ সংরক্ষণ মেশিন এবং মেশিন বাবদ ও ঘর সংস্কারের জন্য ২৭ হাজার টাকার চেক প্রদান করা হয়।

মুজিবনগর বিএনপি’র নির্বাচন বিষয়ক আলোচনা সভা

আগামী নির্বাচনকে সামনে রেখে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার রাত ৯ টায় মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে রামনগর মোড মোল্লা মার্কেটে অবস্হিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক বর্তমান জেলা বিএনপি’র

আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেনপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি এবং ১ আসনের সাবেক সংসদ সদস্য জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুণ।

এছাড়া উপস্থিত ছিলেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মুজিবনগর মুজিবনগর উপজেলা কৃষক দলের সভাপতি আরমান আলী, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, মুজিবনগর উপজেলা কৃষক দলের সিনিয়র সহ-সভাপতি রমজান আলীসহ মুজিবনগর উপজেলা বিএনপি’র বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীবৃন্দ।

মুজিবনগরে উপজেলা দিবস ও উন্নয়ন মেলা অনুষ্ঠিত

মুজিবনগরে সমৃদ্ধি কর্মসূচির আওতায় উপজেলা দিবস ও উন্নয়ন মেলা, ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল থেকে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মুজিবনগর সমৃদ্ধি শাখার উদ্যোগে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে উপজেলা পর্যায়ে ক্রীড়া সাংস্কৃতিক ও উন্নয়ন মেলার আয়োজন করা হয়।

মুজিবনগরের প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রবীণ জনগোষ্ঠী, উন্নয়নে যুব সমাজ কর্মসূচির আওতায় যুব সমাজ, কৈশোর কার্যক্রমের আওতায় কিশোর কিশোরী, এছাড়াও ভিন্ন ভিন্ন স্টলের মাধ্যমে সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে থেকে প্রতিটা ইভেন্ট হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়া সাংবাদিকতায় অবদানের জন্য বিশিষ্ট সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আমজাদ হোসেন, ক্রীড়া

ব্যক্তিত্ব সোহেল রানাকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্ট ব্যক্তিগণকে সম্মাননা স্মারক প্রদান করা হয় ।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক কামরুল আলম এর সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এসময় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান উপজেলা শিক্ষা অফিসার হাফিজুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন।

উপস্থিত অতিথিবৃন্দকে সমৃদ্ধি কর্মসূচির পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। উপস্থিত ছিলেন, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী
হাসানুজ্জামান, সহকারি উপজেলা কর্মসূচি সমন্বয়কারী, রহিম আক্তার। সভাপতি বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।

মুজিবনগরে জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ গ্রহন

মেহেরপুরের মুজিবনগরে জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ পাঠ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টার সময় উপজেলা পরিষদ হলরুমে উপজেলা প্রশাসন, সমাজ সেবা কার্যালয় ও মহিলা বিষয়ক কার্যালয়ের যৌথ আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা মাহমুদুল হাসান এর সঞ্চালনায়, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

অনুষ্ঠানের শুরুতেই সমাজ গঠনে ইতিবাচক ভূমিকা রাখার লক্ষ্যে উপস্থিত অংশগ্রহণকারীরা শপথ পাঠ করেন।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে উপস্থিত থেকে শপথ বাক্য পাঠ করান উপদেষ্টা শারমিন এস. মুর্শিদ।

এরপর অনুষ্ঠিত হয় আলোচনা সভা, যেখানে বক্তারা সমাজ উন্নয়নে সচেতনতা, দায়িত্ববোধ এবং সক্রিয় অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরেন।

এসময় আরোও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন,উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স,সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, আলোচনা সভা শেষে অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানীয় শিল্পীদের পরিবেশনায় দেশাত্মবোধক গান ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানে প্রাণ ছড়িয়ে দেয়।

উপস্থিত বক্তারা বলেন, “এই ধরনের কর্মসূচি আগামী প্রজন্মকে দেশপ্রেম ও সামাজিক দায়িত্ববোধে উদ্বুদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

মুজিবনগরে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

মুজিবনগরে ইনফ্যান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের আয়োজনে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

উপজেলার মোনাখালী ইউনিয়নের আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের শিবপুর, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়, গোপালনগর বালিকা বিদ্যালয় এবং মোনাখালী ইউনিয়নের বাসিন্দা যারা মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছেন এমন মোট ১৪ জন কৃতি ছাত্রছাত্রীকে এই সংবর্ধনা প্রদান করা হয়।

শনিবার বেলা সাড়ে ১১টায় আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুরের হলরুমে এই সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সাংবাদিক ডালিম সানোয়ারের উপস্থাপনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন

সংগঠনের প্রধান নির্বাহী, অস্ট্রেলিয়ান প্রবাসী রাফিদ আলম রকির পিতা, বিশিষ্ট সমাজসেবক ও রাজনীতিবিদ মাহফুজ আলম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ও শিবপুর হাই স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি আনোয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম, শিবপুর হাই স্কুলের প্রধান শিক্ষক আব্দুস সালাম, সহকারী প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, সহকারী শিক্ষক আবুল কালাম আজাদ, ফিতাজ আলী, শাহাজুল ইসলাম, আমিনুল ইসলাম, আব্দুস সালাম প্রমুখ।

আমন্ত্রিত এসএসসি জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ অনুষ্ঠান শেষে তাদের মতামত ও অনুভূতি প্রকাশ করেন। তারা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন আয়োজকদের প্রতি।

ইনফ্যান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশন একটি মানবসেবামূলক সংগঠন, যা শিক্ষার্থীদের নিয়ে কাজ করে যাচ্ছে বাংলাদেশের ৭টি জেলায়। সংগঠনটি ২০২১ সালের মার্চ মাসে প্রতিষ্ঠিত হয়ে গত ৫ বছরে বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ড সফলভাবে সম্পন্ন করেছে।

মাইলস্টোন ট্র্যাজেডিতে নিহত সকল আত্মার মাগফিরাত কামনার মধ্য দিয়ে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানটি শেষ হয়।

মুজিবনগরে মাইলস্টোন ট্রাজেডিতে নিহত মাহিয়ার দাফন সম্পন্ন

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে নানা বাড়িতে চিরনিদ্রায় শায়িত হলেন, মাইলস্টোন ট্রাজিডিতে নিহত মাহিয়া।

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের বিমান

বিধ্বস্তে নিহত মাহিয়া তাসনিমের লাশ দাফন সম্পন্ন হয়েছে। নিহত মাহিয়া তাসনিম চুয়াডাঙ্গার কুড়াল গাছি গ্রামের মৃত ইজ্ঞিনিয়ার মোহম্মদ আলীর মেয়ে এবং মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নজরুল ইসলামের নাতনী। ৫ বছর আগে বিদেশে মাহিয়ার বাবা মারা যান।

আজ শুক্রবার সকাল সাড়ে ৮টার সময় নানা বাড়ি মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের কবরস্থানে তাকে দাফন করা হয়।

সকাল ৮ টায় জয়পুর কবরস্থান ময়দানে জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজনুর রহমান সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিরা এবং শত শত মানুষ অংশগ্রহণ করে।

নিহতের পরিবার সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার সকালে মাহিয়া তাসনিম স্কুল গিয়ে তিনি মর্মান্তিক দুর্ঘটনার শিকার হন। মাহিয়া মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। গুরুতর আহত হয়ে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টায় মারা যায়।

গতকাল বৃহস্পতিবার রাত্রেই তার মরদেহ নেওয়া হয় নিজ গ্রামের বাড়ি চুয়াডাঙ্গা জেলার কুড়ালগাছী গ্রামে।

আজ শুক্রবার সকালে তার মরদেহ নেওয়া হয় মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে তার নানার বাড়িতে। গ্রামে লাশ পৌঁছানোর পর শত শত মানুষ তাকে একনজর দেখতে ভিড় করে।

মর্মান্তিক এই দুর্ঘটনায় পুরো এলাকায় শোকের ছায়া নেমে আসে। কান্নায় ভারী হয়ে ওঠে পরিবেশ। স্বজনদের চোখে অশ্রু আর মুখে বিষাদের ছাপ।

মুজিবনগরে শিশু অধিকার বিষয়ক প্রচার অভিযান

“শিশু অধিকার জানি, অন্যকে জানাই” এই প্রতিপাদ্যে মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ, মেহেরপুর সিডিপি এর শিশু অধিকার বিষয়ক প্রচার অভিযান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার গুডনেইবার্স বাংলাদেশ, মেহেরপুর সিডিপি এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গুডনেইবার্সের ম্যানেজিং ডিরেক্টর বার্টিন গমেজ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল, প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্টের ডিরেক্টর আনন্দ কুমার দাস, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহামুদুল হাসান, বিওয়াইএফসি ম্যানেজার জন অমৃত মণ্ডল, সিডিসি সভাপতি জহিরুল ইসলাম এবং গুডনেইবার্স বাংলাদেশ, মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট ম্যানেজার বিপুল রেমা।

অনুষ্ঠানে বক্তারা বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু অধিকার ও সুরক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

তারা বলেন, প্রতিটি শিশুর জন্য একটি নিরাপদ এবং ন্যায়সঙ্গত পরিবেশ নিশ্চিত করতে আইনি ও নীতিগত সংস্কার প্রয়োজন। শিশুদের তাদের অধিকার সম্পর্কে সচেতন করে তুলতে হবে এবং তাদের জীবনে প্রভাব ফেলে এমন সিদ্ধান্তে সক্রিয় অংশগ্রহণে উৎসাহ দিতে হবে। এছাড়া, শিশুদের মতামত প্রকাশে অংশগ্রহণ নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কার্যকর সম্পৃক্ততার ওপর বক্তারা গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের ব্রেইন টিউমারে আক্রান্ত শিশু মাইয়াজের পরিবারের চিকিৎসার জন্য গুডনেইবার্সের

উদ্যোগে অনলাইন ক্যাম্পেইন ও নিজস্ব ফান্ড থেকে সংগৃহীত মোট ১ লক্ষ ৮০ হাজার টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়।

অনুষ্ঠানে সিডিপি কর্মী, সিডিসি চেয়ারপারসন, সিএমসি, স্কুলশিক্ষক, শিক্ষার্থী, বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন এনজিও প্রতিনিধি, বিএইচও টিম, মহিলা বিষয়ক কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জেলা তথ্য কর্মকর্তা, পরিচালক-পিআইডি, গুডনেইবার্স বাংলাদেশের কান্ট্রি হেড, ইউএনও এবং এডিসি (রাজস্ব) অংশগ্রহণ করেন।

আলোচনাসভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সেখানে নাচ, গান, পালাগানসহ শিশুদের একক ও দলীয় পরিবেশনা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে মাদক ক্রয়-বিক্রয়ের দায়ে ১ জনের দুই বছরের কারাদণ্ড

মেহেরপুরের মুজিবনগরে মাদক ক্রয়-বিক্রয়ের দায়ে মোঃ গোলাম রাব্বিকে ২ বছর সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত।

আজ বুধবার (২৩ জুলাই) দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২৩ সালের ১৬ ডিসেম্বর রাত ৮টা ৪৫ মিনিটে এসআই উত্তম কুমার, সংগীয় অফিসার ও ফোর্সসহ মাদকদ্রব্য উদ্ধার ও পুলিশি বিশেষ অভিযান পরিচালনার সময় গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন, মোনাখালী গ্রামের দক্ষিণ পাড়ায় জনৈক জমিরুলের দ্বিতল বাড়ির সামনে পাকা তিন রাস্তার মোড়ে একজন ব্যক্তি অবৈধ মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করছে।
রাত ৯টার দিকে অভিযান চালিয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে উক্ত ব্যক্তি পালানোর চেষ্টা করে। তবে পুলিশ ও ফোর্সের সহায়তায় তাকে

আটক করা হয়। পরে সাক্ষীদের সামনে তার পরিচয় নিশ্চিত করা হয়। আটকের সময় আসামির পরিহিত জিন্স প্যান্টের ডান পকেট থেকে একটি সাদা পলিথিনে মোড়ানো ২৫ পুরিয়া হেরোইন উদ্ধার করা হয়।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে মোঃ গোলাম রাব্বির বিরুদ্ধে উপরোক্ত রায় দেন।

রায় ঘোষনার পরে আসামীকে জেল হাজতে পাঠানো হয়েছে।